



১৫ অক্টোবর স্বাক্ষরিত হচ্ছে ঐতিহাসিক ‘জুলাই সনদ’



সংগৃহীত ছবি

আগামী ১৫ অক্টোবর জাতীয় সংসদের দক্ষিণ প্লাজায় অনুষ্ঠিত হবে বহুল আলোচিত ‘জুলাই জাতীয় সনদ’-এর স্বাক্ষর অনুষ্ঠান। এতে নেতৃত্ব দেবেন অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা ও জাতীয় ঐকমত্য কমিশনের সভাপতি প্রফেসর মুহাম্মদ ইউনূস। অনুষ্ঠানে অংশ নেবেন বিভিন্ন রাজনৈতিক দলের প্রতিনিধিরা। জাতীয় ঐকমত্যের নতুন অধ্যায় সূচনার অপেক্ষা শেষ হতে যাচ্ছে। আগামী ১৫ অক্টোবর জাতীয় সংসদের দক্ষিণ প্লাজায় স্বাক্ষরিত হবে ঐতিহাসিক ‘জুলাই জাতীয় সনদ’। দেশের রাজনৈতিক ঐক্য ও সংস্কার প্রক্রিয়ার ভিত্তি হিসেবে বিবেচিত এই সনদে স্বাক্ষর করবেন বিভিন্ন রাজনৈতিক দল ও জোটের প্রতিনিধিরা। অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা ও জাতীয় ঐকমত্য কমিশনের সভাপতি প্রফেসর মুহাম্মদ ইউনূস অনুষ্ঠানটির নেতৃত্ব দেবেন। বৃহস্পতিবার (৯ অক্টোবর) জাতীয় সংসদ ভবনে কমিশনের কার্যালয়ে অনুষ্ঠিত এক বৈঠকে এ সিদ্ধান্ত চূড়ান্ত করা হয়। বৈঠকে সনদের খসড়া, বাস্তবায়ন প্রক্রিয়া ও বিশেষজ্ঞদের সুপারিশ নিয়ে বিস্তারিত আলোচনা হয়। কমিশন জানায়, গত পাঁচটি বৈঠকে রাজনৈতিক দলগুলো থেকে প্রাপ্ত মতামত ও বিশেষজ্ঞ পরামর্শ সমন্বয় করে চূড়ান্ত সনদ তৈরি করা হয়েছে। খুব শিগগিরই সনদের বাস্তবায়নপদ্ধতি সম্পর্কিত প্রস্তাবও সরকারের কাছে জমা দেওয়া হবে। বৈঠকে উপস্থিত ছিলেন কমিশনের সহ-সভাপতি অধ্যাপক আলী রীয়াজ, সদস্য ড. বদিউল আলম মজুমদার, বিচারপতি মো. এমদাদুল হক, ড. ইফতেখারুজ্জামান ও ড. মো. আইয়ুব মিয়া। এছাড়া প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী মনির হায়দারও ঐ বৈঠকে অংশ নেন।